



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

কৃষি ঋণ ও আর্থিক সেবাব্যক্তি বিভাগ

এসিএফআইডি সার্কুলার নং - ০২

তারিখঃ ০২/০৬/২০১৫

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কার্যরত সকল তফসিলী ব্যাংক এবং
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংক।

বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% হার সুদে ঋণ প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন কর্মসূচী (Refinance Scheme) পরিচালনার নীতিমালা।

দেশের বেকার যুবকদের আত্মকর্মসংস্থান, পুষ্টি চাহিদা পূরণসহ উঁড়াদুধ ও দুগ্ধজাত সামগ্রীর আমদানি নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ার্থে দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন অতীব প্রয়োজন। এ লক্ষ্যে গাভী ক্রয়, লালন-পালন এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে সংকর জাতের গাভীপালনের জন্য বিদ্যমান ঋণ সুবিধার পাশাপাশি উপরোল্লিখিত খাতে অধিকতর ঋণ প্রবাহের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। সে প্রেক্ষিতে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ৫ (পাঁচ) বছর পর্যন্ত নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) ২০০.০০ (দুইশত) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত পুনঃঅর্থায়ন স্কীম পরিচালনায় নিম্নরূপ নীতিমালা অনুসৃত হবে :

১. সূচনা :

(ক) এ স্কীমের নাম হবে "দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুনঃঅর্থায়ন স্কীম";

(খ) বাংলাদেশ ব্যাংক এর সাথে স্বাক্ষরিত অংশগ্রহণ চুক্তিপত্রের (Participation Agreement) আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ ও অথনী ব্যাংক লিঃ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক এবং বেসরকারী ব্যাংকগুলো এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন ও সুদ ভুক্তিক সুবিধা গ্রহণ করতে পারবে;

২. ঋণের মেয়াদ :

(ক) নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) এ স্কীমের মেয়াদ হবে ৫ (পাঁচ) বছর। তবে গ্রাহক পর্যায়ে ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ঋণ গ্রহণের তারিখ হতে ৩ (তিন) বছর।

(খ) ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে আসল এবং প্রতি বছর শেষে সুদ পরিশোধ করবে।

৩. ঋণের সুদের হার :

এ স্কীমের আওতায় উল্লিখিত ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক রেটে (বর্তমানে ৫%, যা পরিবর্তনশীল) পুনঃঅর্থায়ন সুবিধা পাবে। গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫%। ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো বিতরণকৃত ঋণের বিপরীতে সুদ ক্ষতি/ভুক্তিক বাবদ বাংলাদেশ ব্যাংকের নিকট অতিরিক্ত ৫% দাবী করতে পারবে।

৪. পুনঃঅর্থায়ন আবেদন পদ্ধতি :

(ক) সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ করে নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্য/কগাজপত্র নির্ধারিত ছকে মাসিক ভিত্তিতে মহাব্যবস্থাপক, কৃষি ঋণ ও আর্থিক সেবাব্যক্তি বিভাগ, বাংলাদেশ ব্যাংক এর নিকট পুনঃঅর্থায়ন দাবী করবে:

- প্রকৃত বিতরণ সংক্রান্ত সনদপত্র;
- বিতরণকৃত ঋণের সমন্বিত বিবরণী;
- ঋণ পরিশোধের প্রতিশ্রুতিপত্র (ডিপি নোট) ও লেটার অব কন্টিনিউটি;
- সংশ্লিষ্ট অন্যান্য তথ্য।

(খ) যেহেতু আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংক তফসিলী ব্যাংকের আওতাভুক্ত নয় এবং তাদের কোন চলতি হিসাব বাংলাদেশ ব্যাংককে সরঞ্জাম করা হয় না, সে কারণে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানগুলো সরকারী গ্যারান্টি প্রাপ্ত সাপেক্ষে পুনঃঅর্থায়ন সুবিধা ভোগ করতে পারবে।

৫. ঋণ প্রাপ্তির যোগ্যতা :

(ক) গাভী ও বাছুর ক্রয় ও লালন-পালন, দুগ্ধ উৎপাদন এবং কৃত্রিম প্রজননের সাথে জড়িত প্রকৃত খামারীরা (একক ও যৌথ) উক্ত খাতে ঋণ গ্রহণের জন্য বিবেচিত হবেন;

(খ) ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংকগুলো বিদ্যমান বিধিবিধান অনুসরণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের আলোকে কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করবে এবং প্রতিটি ঋণের জন্য পৃথক হিসাব সরঞ্জাম করবে;

(গ) ঋণের পরিমাণ এবং পরিশোধসূচী প্রণয়নের ক্ষেত্রে ব্যাংকগুলো নিজেরাই এবং প্রয়োজনবোধে স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তাদের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

চলমান পাতা-২



